

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাতের সময়সমূহ

আরবী

عَنْ عَبْدِ اللّهِ بْنِ عَمْرِهِ رَضِيَ اللّهُ عَنْهُمَا; أَنَّ نَبِيَّ اللّهِ حلى الله عليه وسلم _ قَالَ: «وَقْتُ الظُّهْرِ إِذَا زَالَتْ الشَّمْسُ, وَكَانَ ظِلُّ الرَّجُلِ كَطُولِهِ مَا لَمْ يَحْضُرِ الْعَصْرُ, وَوَقْتُ الْعُصْرِ مَا لَمْ يَخِبْ الشَّفَقُ, وَوَقْتُ صَلَاةِ الْمَغْرِبِ مَا لَمْ يَغِبْ الشَّفَقُ, وَوَقْتُ صَلَاةِ الْعَصْرِ مَا لَمْ يَغِبْ الشَّفَقُ, وَوَقْتُ صَلَاةِ الْعَشَاءِ إِلَى نِصنْفِ اللَّيْلِ الْأَوْسَطِ, وَوَقْتُ صَلَاةِ الصَّبْحِ مِنْ طُلُوعِ الْفَجْرِ مَا لَمْ تَطْلُعْ الشَّمْسُ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (612) (173)، وتمامه: «فإذا طلعت الشمس فأمسك عن الصلاة، فإنها تطلع بين قرني شيطان». وله ألفاظ أخر

বাংলা

১৫১। আবদুল্লাহ বিন 'আমর (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'যুহরের সময় হচ্ছে, যখন সূর্য পশ্চিমে হেলে পড়ে, আর মানুষের ছায়া তার সমপরিমাণ হওয়া পর্যন্ত, তথা 'আসরের সময় উপস্থিত হওয়া পর্যন্ত। 'আসরের সময় হচ্ছে, (কোন বস্তুর ছায়া তার সমান হবার পর হতে) সূর্যের রঙ হালকা বা ফ্যাকাশে হলুদ বর্ণ ধারণ করা পর্যন্ত। মাগরিবের সময় সূর্যান্ত থেকে আরম্ভ করে পশ্চিমকাশে লালিমা নিশ্চিহ্ন না হওয়া পর্যন্ত। 'ইশার, সালাতের সময় হলো, (মাগরিবের সময় শেষ হওয়া থেকে শুরু হয়ে) মধ্যরাত অবধি বিদ্যমান থাকে। ফজরের সময়, সুবহে সাদিক থেকে আরম্ভ হয়ে সূর্য উদিত না হওয়া পর্যন্ত।[1]

ফুটনোট

[1] মুসলিম ১৭৩, ৬১২; পূর্ণাঙ্গ হাদীস হচ্ছেঃ فإذا طلعت الشمس فأمسك عن الصلاة، فإنها تطلع بين قرني



شیطان যখন সূর্য উদিত হয় তখন সালাত থেকে বিরত থাকো। কেননা সূর্য শয়তানের দু' শিংয়ের মাঝ দিয়ে উদিত হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন